গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

### খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে দ্বিতীয় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী (অক্টোবর-ডিসেম্বর, ২০২১)

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবুল বাসার সিদ্দিক আকন<br>পরিচালক (যুগ্মসচিব) |
| সভার তারিখ | ২৪.১১.২০২১ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | বিএমডির সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জিআরএস ফোকাল পয়েন্ট মোসাঃ মাহবুবা খাতুন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) আলোচ্যসূচি অনুযায়ী সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় নিয়ে আলোকপাত করেন। তিনি বলেন, কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে। তিনি আরো বলেন নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইন এবং অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করে মাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে। প্রশিক্ষণের বিষয়ে সভাপতি জানতে চাইলে ফোকাল পয়েন্ট জানান, কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়ার বিষয়ক প্রশিক্ষণ ০৪ টি আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে এবং বিএমডি কর্তৃক ইতোমধ্যে ০২ টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। তিনি আরও জানান, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ০২ টি আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। অত:পর সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র.নং | কার্যক্রম/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | ১.১ অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ; | ওয়েবসাইট ও জিআরএস সফটওয়ার হালনাগাদ রাখতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা/আইসিটি কর্মকর্তা |
| ২. | ২.১ নিদিষ্ট সময়ে অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ; | প্রতিমাসে নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করে নিষ্পত্তি প্রতিবেদন প্রেরণ। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | ২.২ কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়ার বিষয়ক প্রশিক্ষণ ০৪ টি আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে এবং প্রথম ত্রৈমাসিকে ইতোমধ্যে ০২ টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে; | তৃতীয় প্রশিক্ষনটি ডিসেম্বর, ২০২১ মাসে আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | ২.৩ ত্রৈমাসিকভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ; | ত্রৈমাসিকভিত্তিতে পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | ২.৪ অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ০২ টি আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে; | ইতোমধ্যে প্রথম ও দ্বিতীয় কোয়ার্টারে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২ টি অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.২৭.০০৪.১২(অংশ-২).৪৯৪

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৮
০১ ডিসেম্বর ২০২১

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
২) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৩) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৪) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৫) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৬) পি.এ টু মহাপরিচালক/পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা;
৭) সংশ্লিষ্ট নথি/অফিস কপি।

মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)